# দিনাজপুর জেলাধীন ফুলবাড়ী উপজেলায় অনুষ্ঠিত অক্টোবর/২৩ মাসের এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্য বিবরণী:

সভাপতি : মীর মোঃ আল কামাহ্ তমাল
উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর।
আলোচ্য মাস : সেপ্টেম্বর/২৩
তারিখ : ০৯/১০/২০২৩ খ্রিঃ।
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর।
সময় : সকাল- ৯:৩০ মিনিট।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট ''ক'' ও ''খ'' ।

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে গত সভার কার্যবিবরণী সাভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। উপস্থিত সদস্যদের কাছ থেকে আলোচ্য মাসের কার্যক্রম ও অগ্রগতির বিষয়ে আলোচনার জন্য অনুরোধ করা হয়:

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উত্তরবঙ্গ শিশু উন্নয়ন প্রকল্প, দাদপুর জানান যে, তাঁর সংস্থার মাধ্যমে শিবনগর ইউনিয়নে দরিদ্র ও সুবিধা বঞ্চিত শিশুদের প্রাতিষ্ঠানিক শিক্ষা, স্বাস্থ্য, সামাজিক ও অর্থনৈতিক এবং নৈতিক শিক্ষার মাধ্যমে সার্বিক দারিদ্র মুক্ত হয়ে পরিপুর্ণ সুনাগপরিক রুপে গড়ে তোলার নিমিত্ত প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। আলোচ্য মাসে ২০১ জন শিশুকে বই, খাতা ও কলম দেয়া হয়েছে। এছাড়াও শিশুদের সার্ভে করে রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। | কেন্দ্র ব্যবস্থাপক, উত্তরবঙ্গ শিশু উন্নয়ন প্রকল্প, দাদপুর তাঁর প্রকল্পে কার্যক্রম উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর এর সাথে সমন্বয় করে বাস্তবায়ন করবেন। | কেন্দ্র ব্যবস্থাপক, উত্তরবঙ্গ শিশু উন্নয়ন প্রকল্প, ফুলবাড়ী। |
| জনাব রমেশ মুর্মু, রোডেম ফাউন্ডেশন জানান যে, তাঁর সংস্থার মাধ্যমে পরিচালিত গ্রোরি বয়েজ হোস্টেলে বর্তমানে ১৬ জন আদিবাসি বাচ্চা রয়েছে। তাদের থাকা খাওয়াসহ সার্বিক সহায়তা প্রদান করা হচ্ছে। এছাড়াও এ উপজেলায় ৮টি হাবে বিশুদ্ধ পানি সরবরাহ করা হচ্ছে। | রোডেম ফাউন্ডেশনের উপস্থিত প্রতিনিধি নিয়মিত উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুরের সাথে যোগাযোগ করে তাঁর কার্যক্রম সম্পর্কে অবহিত করবেন। | রোডেম ফাউন্ডেশন ফুলবাড়ী, দিনাজপুর। |
| জনাব শ্যামল চন্দ্র সরকার, নির্বাহী পরিচালক, বেসিক জানান যে, তাঁর সংস্থার মাধ্যমে গত অর্থবছরে ১৫৫ জনকে গরীব শিক্ষার্থীদেরকে কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করেছেন। এছাড়াও মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরেটির নির্দেশনা মোতাবেক ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। | নির্বাহী পরিচালক, বেসিক মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরেটির নিয়মানুযায়ী ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করবেন। | নির্বাহী পরিচালক, বেসিক, ফুলবাড়ী। |
| প্রোগ্রাম অফিসার, সিসিডিবি জানান যে, সমন্বিত দারিদ্র বিমোচন প্রকল্পের আওতায় এ উপজেলায় মোট ৩৩টি সংগঠন রয়েছে। সংগঠনগুলো তাদের নিজস্ব সঞ্চয়ী টাকা সংগঠনের সদস্যদের মাঝে ঋণ আদান প্রদান করে সাবলম্বী হচ্ছে। গত অর্থবছরে ১২,৭৬,৫০০/- টাকা ক্ষুদ্র ব্যবসার জন্য গরু ও ছাগল দেয়া হয়েছে। | প্রোগ্রাম অফিসার, সিসিডিবি প্রতিমাসে তাঁর কার্যক্রমের প্রতিবেদন দাখিল করবেন। | প্রোগ্রাম অফিসার, সিসিডিবি |
| জনাব নিকানোর বাস্কে, ম্যানেজার, এনডিএফ জানান যে, বর্তমানে তাঁর সংস্থা মাইক্রোক্রেডিট প্রোগ্রামের আওতায় ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা করছে। | ম্যানেজার, এনডিএফ মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির নিয়মানুযায়ী ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করবেন। | ম্যানেজার, এনডিএফ ফুলবাড়ী, দিনাজপুর। |
| জনাব মোঃ হবিবর রহমান, ম্যানেজার, স্বকল্প সোসাইটি বলেন যে, তাঁর সংস্থা মাইক্রোক্রেডিট প্রোগ্রামের আওতায় ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা করছে। পাশাপাশি গরীবদের বিনামূল্যে চক্ষু চিকিৎসা সেবা দেয়া হয়ে থাকে। | ম্যানেজার, স্বকল্প সোসাইটি, ফুলবাড়ী মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির নিয়মঅনুযায়ী ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করবেন। | স্বকল্প সোসাইটি, ফুলবাড়ী, দিনাজপুর |
| সভাপতি উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ জানিয়ে এনজিওদের মাধ্যমে বাস্তবায়িত প্রকল্পগুলির বিষয়ে জানার নিমিত্ত প্রতি মাসের উপজেলা মাসিক এনজিও বিষয়ক সমন্বয় সভায় সকল সদস্যদের নিয়মিত উপস্থিত থেকে প্রকল্প সম্পর্কে আলোচনা ও বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে অবহিত করার জন্য অনুরোধ জানান এবং অত্র উপজেলায় যে সকল এনজিও সংস্থা কার্যক্রম পরিচালনা করছেন সে সকল এনজিও সংস্থার সমন্বয়ে সার্বিক কার্যক্রমের তথ্য সম্বলিত একটি ওয়েবপোর্টাল তৈরীর জন্য উপজেলা এনজিও ফেরাম এর সভাপতি/ সাধারণ সম্পাদককে অনুরোধ জানান। | ১) সকল এনজিও সংস্থার প্রধানগণ প্রতি মাসের উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় সভায় উপস্থিত হয়ে স্ব-স্ব প্রকল্প সম্পর্কে আলোচনা ও বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে অবহিত করবেন।<br>২) উপজেলা এনজিও ফেরাম এর সভাপতি/ সাধারণ সম্পাদক অত্র উপজেলায় যে সকল এনজিও সংস্থা কার্যক্রম পরিচালনা করছেন সে সকল এনজিও সংস্থার সমন্বয়ে সার্বিক কার্যক্রমের তথ্য সম্বলিত একটি ওয়েবপোর্টাল তৈরীর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবেন। | ১) মাসিক এনজিও বিষয়ক সমন্বয় সভার সকল সদস্য।<br>২) সভাপতি/সম্পাদক উপজেলা এনজিও ফোরাম। |

| | | |
|---|---|---|
| সভাপতি কোন অসাধু মহল ধর্মের অপপ্রচার করে জনসাধারণকে উষ্কিয়ে দিয়ে ধর্মীয় সংঘাতের সৃষ্টি করতে না পারে সে জন্য প্রতিটি সভাসহ উঠান বৈঠকে সাম্প্রদায়িক সম্প্রীতি বৃদ্ধির লক্ষ্যে সর্বধর্মীয় লোকদের সাথে আলোচনা অব্যাহত রাখবেন এবং সরকারি উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে সকলের মাঝে আলোচনা ও মাঠ পর্যায়ে জঙ্গীবাদ, মাদক বিরোধী এবং বাল্যবিবাহ রোধে আলোচনা অব্যাহত রাখার জন্য সকলকে অনুরোধ জানান। | এনজিও সংস্থার প্রধান/প্রতিনিধিগণ কোন অসাধু মহল ধর্মের অপপ্রচার করে যাতে জনসাধারণকে উষ্কিয়ে দিয়ে ধর্মীয় সংঘাত সৃষ্টি করতে না পারে সে লক্ষ্যে প্রতিটি সভাসহ উঠান বৈঠকে সাম্প্রদায়িক সম্প্রীতি বৃদ্ধির লক্ষে সর্বধর্মীয় লোকদের সাথে আলোচনা অব্যাহত রাখবেন। | এনজিও সংস্থার প্রধান ও উপজেলা পর্যায়ে প্রতিনিধিগণ। |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মীর মোঃ আল কামাহ্ তমাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
ফুলবাড়ী, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, দিনাজপুর।

স্মারক নং- ০৫.৫৫.২৭৩৮.০০০.৪১.০০১.২০২৩/১৬৭৫ (৩৫)

তারিখ ঃ ০১ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৭ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। মহা-পরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট-ই-১৩/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। উপ-পরিচালক, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, ৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশাঁ প্লাজা (৭ম তলা) বড় মগবাজার, রমনা, ঢাকা- ১২১৭।
৪। উপজেলা ...................................... অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর।
৫। অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর।
৬। ................................................... সকল এনজিও প্রধান, ফুলবাড়ী, দিনাজপুর।
৭। জনাব/জনাবা .............................................. ফুলবাড়ী, দিনাজপুর।

১৭.১০.২৩

উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর।
ফোন- ০২৫৮৮৮৪৮২৪
ই-মেইলঃ fulbariuno@gmail.com